# জে এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**কর্ম ও জীবনমুখী শিক্ষা** বিষয় কোড : ১৫৫

**সৃজনশীল** মান — ৩০

*দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।*

**প্রশ্ন-১.** জামিল ও কামরুল দুজনেই নূরুল ইসলাম সাহেবের কাছে আসবাবপত্র তৈরি করার কাজ শিখেছে। তারা দু'জনেই ব্যবসায় নিয়োজিত। কাজ করার ক্ষেত্রে জামিল সব সময়ই নূরুল ইসলাম সাহেবকে অনুকরণ করেন। কাজের ক্ষেত্রে কোন সমস্যায় পড়লেও জামিল তার সঙ্গে যোগাযোগ করেন। এ কারণেই তাকে কোন ঝুঁকির মধ্যে পড়তে হয়নি। এতে তিনি অনেকের প্রশংসা পান। অন্যদিকে কামরুল তার শেখা বিভিন্ন বিষয়কে অবলম্বন করে নতুন নতুন কাজের ফরমায়েশ নেন। নতুন ডিজাইনের আসবাবপত্র তৈরির কারণে প্রায়ই তিনি ফরমায়েশদাতাদের বাহবা পান।

ক. রোবট কী? ১
খ. আত্মবিশ্বাসী মানুষের অন্যতম একটি বৈশিষ্ট্য বর্ণনা কর। ২
গ. কামরুলের কাজের ক্ষেত্রে কোন দিকটি লক্ষণীয়? বর্ণনা কর। ৩
ঘ. কাজের ক্ষেত্রে জামিলের পুরস্কার পাওয়ার বিষয়টি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-২.** জনাব মাহমুদুল আলম একজন সাংবাদিক। তিনি দেশের বিভিন্ন খবর সংগ্রহ করে পত্রিকার মাধ্যমে মানুষের কাছে পৌঁছান। পাঠকদের নিকট তার লেখা, কলাম অনেক সমাদৃত। অন্যদিকে তার স্ত্রী বাসায় সেলাইয়ের কাজ করেন।

ক. আত্মবিশ্বাস কী? ১
খ. কায়িক শ্রমের প্রয়োজন হয় কেন? ২
গ. জনাব মাহমুদুল আলমের শ্রমের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মাহমুদুল ও তার স্ত্রীর কাজের মধ্যে কোনটি উত্তম তা বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৩.** সোহানা ও রুহানা দুজন একই অফিসে কাজ করে। কাজের ক্ষেত্রে তারা পরস্পরের সাথে সকল অভিজ্ঞতা ও দক্ষতা বিনিময় করে। সুহানা লক্ষ করল কাজের ক্ষেত্রে রুহানা তার চেয়ে বেশি কর্মঠ এবং তার মধ্যে অলসতা কাজ করে না। কিন্তু সোহানা নিজের মধ্যে সকল ক্ষেত্রে ভয়, লজ্জা ও হীনমন্যতা লক্ষ করে।

ক. নিজের কাজ নিজে করার ফলে কোন ধরনের শক্তির বিকাশ ঘটবে? ১
খ. নিজের কাজ করার মাধ্যমে কীভাবে আত্মনির্ভরশীল হওয়া যায়? ২
গ. সোহানা কীভাবে তার সমস্যাটি কাটিয়ে উঠতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রুহানার মধ্যে উক্ত গুণগুলো কীভাবে সৃষ্টি হয়েছে? আলোচনা কর। ৪

**প্রশ্ন-৪.** মি: রহমান সাহেব একজন সরকারী কর্মকর্তা। তার দুই সন্তান ও স্ত্রী সহ তিনি ঢাকায় বসবাস করেন। কর্মক্ষেত্রে তিনি সবার কাছে কর্তব্যপরায়ণ ও কাজের প্রতি শ্রদ্ধাশীল ব্যক্তি হিসেবে পরিচিত। সন্তানদের সুন্দর জীবন যাপনে ও শিক্ষাক্ষেত্রে মি. রহমান ও তার স্ত্রী সবসময় সহযোগিতা করেন। তার সন্তানেরাও অনেক ক্ষেত্রে তাদের কাজে সহযোগিতা করে।

ক. মানুষের কাজের মাধ্যমে কীসের পরিচয় পাওয়া যায়? ১
খ. নিজের কাজ নিজে করার ফলে কীভাবে অলসতা দূর হয়? ২
গ. মি. রহমানের বৈশিষ্ট্যগুলো কীভাবে আমরা নিজের মধ্যে অর্জন করতে পারি—ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রহমানের পরিবারের সদস্যরা কীভাবে একে অপরকে সাহায্য করছে—আলোচনা কর। ৪

**প্রশ্ন-৫.** সাদিয়া একটি গ্রামের মাধ্যমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণিতে পড়ে। সে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে ভালো নম্বর পেয়েছে। সবাই যখন বাইরে হৈ চৈ করে তখন গণিত ও বিজ্ঞানের বিভিন্ন জটিল ধাধাঁ সমাধান করতে সে ভালোবাসে। বিভিন্ন ধরনের যন্ত্রপাতির প্রতিও তার খুব আগ্রহ। সে তার মায়ের সেলাই মেশিনটি নষ্ট হলে মেরামত করে। সবাই তার এসব কাজে খুব খুশি।

ক. ব্যক্তিত্ব কী? ১
খ. সামর্থ্যের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. সাদিয়ার প্রবণতাটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. অষ্টম শ্রেণি শেষে সাদিয়ার কোন শাখা নির্বাচন করা উচিত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১. প্রাচীনকালে মানুষ কোথায় বসবাস করত?**
ক খোলা জায়গায় খ পাহাড়ের গুহায়
গ বনে-জঙ্গলে ঘ নদীর ধারে

**২. মানুষকে নিষ্ক্রিয় করে ফেলে কোনটি?**
ক দক্ষতা খ অভিজ্ঞতা
গ অলসতা ঘ কর্মস্পৃহা

**৩. জায়গা নির্বাচনের পর বসতবাড়ি গড়ে তুলতে প্রয়োজন হতো—**
i. সরঞ্জাম
ii. কায়িকশ্রম
iii. সময়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৪. লিখন পদ্ধতির আবিষ্কার —**
i. মানুষের কঠিন মেধাশ্রমের ফল
ii. এর ফলে মানুষের অন্যান্য মেধাশ্রম রক্ষা পেয়েছে
iii. এর ফলে ইতিহাস, প্রাচীন সভ্যতার কথা সংরক্ষণ করা গেছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৫. মানুষ সহনশীলতার শিক্ষা পায় —**
i. কাজের প্রাপ্তির মাধ্যমে
ii. নিজের কাজ নিজে করার মাধ্যমে
iii. কাজের অভ্যাস, বারবার চেষ্টা করার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৬. কোন ধরনের মাটির উঁচু ভূখণ্ডে উয়ারী-বটেশ্বরের অবস্থান?**
ক গৈরিক খ লালমাটি
গ বেলে ঘ ধূসর

**৭. কোন দক্ষতাটি অর্জনে প্রাতিষ্ঠানিক শিক্ষার দরকার হয়?**
ক ডাক্তার খ হাতের কাজ
গ সেলাই ঘ রান্না

**৮. আমাদের দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার ক্ষেত্রে যাদের ভূমিকা রয়েছে—**
i. কৃষক ও জেলেদের
ii. রাজা ও জমিদারদের
iii. রাখাল ও কৃষকদের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. বাংলা ব্যঞ্জনবর্ণের সংখ্যা কতটি?**
ক ৫০টি খ ৩৯টি
গ ১১টি ঘ ২৯টি

**১০. সমস্যা সমাধানের যোগ্যতা গুণটি যে পেশার লোকদের জন্য প্রয়োজন—**
i. শিক্ষক ii. চাকরিজীবী
iii. কাঠ মিস্ত্রি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. প্রতিদিনই যে কাজ করা আবশ্যক তাকে কী বলে?**
ক প্রয়োজনীয় কাজ খ প্রাত্যহিক কাজ
গ সাপ্তাহিক কাজ ঘ বাৎসরিক কাজ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২-১৩ নং প্রশ্নের উত্তর দাও।**
শোভন একটি ব্যাংকে চাকরি করে। ব্যাংকের ব্যবস্থাপক তাকে একটি কাজে দিতে চাইলে সে তা আগ্রহ সহকারে নেয়। কিন্তু কাজটি কম্পিউটারে করতে হয় বলে সে তা না পেরে সহকর্মীর কাছ থেকে শিখে নেয়।

**১২. শোভনের ক্ষেত্রে কোন গুণটি ফুটে উঠেছে?**
ক নেতৃত্ব দেওয়া
খ দক্ষতার উন্নয়ন
গ অন্যকে গুরুত্ব দেওয়া
ঘ সমস্যা সমাধানের দক্ষতা

**১৩. কর্মক্ষেত্রে সাফল্যের জন্য শোভনের —**
i. নেতা হওয়া দরকার
ii. শেখার প্রতি আগ্রহ থাকা দরকার
iii. প্রয়োজনীয় যন্ত্রপাতি, প্রযুক্তি ব্যবহার করার দক্ষতা থাকা দরকার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৪. বসতবাড়ি গড়ে তোলা কোন ধরনের শ্রমের উদাহরণ?**
ক কায়িকশ্রম খ মেধাশ্রম
গ পণ্ডশ্রম ঘ পরিশ্রম

**১৫. দাস-দাসী হিসেবে কাকে সেবা করতে হতো?**
ক পণ্ডিত খ মোড়ল
গ মনিব ঘ শিক্ষক

**১৬. পরিবারের কোন সদস্য তার কাজের মাধ্যমে আমাদের প্রাত্যহিক ভরণ-পোষণ করে থাকে?**
ক বাবা-মা
খ চাচা-চাচি
গ দাদা-দাদি
ঘ পরিবারের সব সদস্য

**১৭. কাজ করলে মনের অবস্থা কিরূপ হয়?**
ক খারাপ থাকে খ প্রফুল্ল থাকে
গ অপ্রফুল্ল থাকে ঘ বিরূপ থাকে

**১৮. আত্মবিশ্বাসী মানুষের বৈশিষ্ট্য হলো —**
i. নিজের প্রতি আস্থা
ii. সাহস
iii. সচেতনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. কোনটির মাধ্যমে মানুষ চিরস্মরণীয় হয়ে থাকে?**
ক সাহসের মাধ্যমে খ কাজের মাধ্যমে
গ দক্ষতার মাধ্যমে ঘ যোগ্যতার মাধ্যমে

**২০. কিভাবে সহনশীলতার শক্তি অর্জন করা সম্ভব?**
ক অন্যের দোষ বের করে
খ কাজের প্রতি আগ্রহ দেখিয়ে
গ নিজের কাজ নিজে করার মাধ্যমে
ঘ যেকোনো কাজে সদা তৎপর থেকে

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ |
| ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ |

http://teachingbd.com